PUBDET-2024

Paper - V

4020500581

Subject : BENGALI

**বিষয় : বাংলা**

(Booklet Number)

**সময় : ৯০ মিনিট** | **মোট প্রশ্ন : ৫০ টি** | **পূর্ণমান : ১০০**

## নির্দেশাবলী

১. এই প্রশ্নপত্রের সব প্রশ্নই অবজেক্টিভ প্রশ্ন এবং প্রতিটি প্রশ্নের চারটি সম্ভাব্য উত্তর দেওয়া আছে যার একটি মাত্র সঠিক। সঠিক উত্তর চিহ্নিত করলে 2 নম্বর পাবে। ভুল উত্তর চিহ্নিত করলে অথবা একাধিক উত্তর চিহ্নিত করলে ½ নম্বর কাটা যাবে।

২. OMR পত্রে A, B, C, D চিহ্নিত সঠিক ঘরটি ভরাট করে উত্তর দিতে হবে।

৩. OMR পত্রে উত্তর দিতে শুধুমাত্র **কালো** বা **নীল** কালির বল পয়েন্ট পেন ব্যবহার করবে।

৪. OMR পত্রে নির্দিষ্ট স্থান ছাড়া অন্য কোথাও কোনো দাগ দেবে না।

৫. OMR পত্রে নির্দিষ্ট স্থানে প্রশ্নপত্রের নম্বর এবং নিজের রোল নম্বর অতি সাবধানতার সাথে লিখতে হবে এবং প্রয়োজনীয় ঘরগুলি পূরণ করতে হবে।

৬. OMR পত্রে নির্দিষ্ট স্থানে নিজের নাম ও পরীক্ষাকেন্দ্রের নাম লিখতে হবে এবং নিজের (Admit Card এ উল্লেখিত) স্বাক্ষর করতে হবে।

৭. প্রশ্নপত্রের নম্বর বা রোল নম্বর ভুল লিখলে অথবা ভুল ঘর ভরাট করলে, পরীক্ষার্থীর নাম, পরীক্ষাকেন্দ্রের নাম বা স্বাক্ষরে কোনো ভুল থাকলে উত্তরপত্র বাতিল হয়ে যেতে পারে। OMR পত্রটি ভাঁজ হলে বা তাতে অনাবশ্যক দাগ পড়লেও বাতিল হয়ে যেতে পারে। পরীক্ষার্থীর এই ধরনের ভুল বা অসর্তকতার জন্য উত্তরপত্র বাতিল হলে একমাত্র পরীক্ষার্থী নিজেই তার জন্য দায়ী থাকবে।

৮. মোবাইল ফোন বা যে কোন ধরনের ইলেক্ট্রনিক গ্যাজেট, ক্যালকুলেটর, স্লাইডরুল, লগটেবল, হাতঘড়ি, রেখাচিত্র, গ্রাফ বা কোনো ধরনের তালিকা, কলম ইত্যাদি পরীক্ষাকক্ষে আনা যাবে না। আনলে সেটি বাজেয়াপ্ত হবে এবং পরীক্ষার্থীর ওই পরীক্ষা বাতিল করা হবে।

৯. প্রশ্নপত্রে রাফ কাজ করার জন্য ফাঁকা জায়গা দেওয়া আছে। অন্য কোনো কাগজ এই কাজে ব্যবহার করবে না।

১০. পরীক্ষাকক্ষ ছাড়ার আগে OMR পত্র অবশ্যই পরিদর্শককে দিয়ে যাবে।

১১. পরীক্ষাশেষে পরীক্ষার্থীরা প্রশ্নপত্রটি নিয়ে যাবে।

**পরীক্ষার্থীর স্বাক্ষর :** ______________________

**(Admit Card – এ উল্লেখিত)**

**পরিদর্শকের স্বাক্ষর :** ______________________

## SPACE FOR ROUGH WORK / রাফ কাজের জন্য জায়গা

# BENGALI

1. প্রেমেন্দ্র মিত্র–র প্রথম প্রকাশিত গল্প 'শুধু কেরানী' কোন পত্রিকায় ছাপা হয় ?
(A) প্রবাসী (B) বিচিত্রা
(C) সবুজপত্র (D) কল্লোল

2. 'ইকছিট চাননদি' কর্তার সিং দুগ্‌গাল রচিত
(A) উপন্যাস (B) গল্প সংকলন
(C) কাব্যগ্রন্থ (D) নাটক

3. "মাঝে মাঝে এক একটা বড়ো মাছ, অনেকটা ইলিশ মাছের চেহারা, তিরের মতো এদিক ওদিক করে দৌড়োচ্ছে।" এই উদ্ধৃতিতে স্বামী বিবেকানন্দ যে মাছের বিবরণ দিচ্ছেন, তা হল :
(A) হাঙ্গর (B) বনিটো
(C) বিভীষণ মাছ (D) পাইলট ফিস্

4. টেলিস্কোপে চোখ রেখে বৃহস্পতির ক'টি উপগ্রহ দেখতে পেয়েছিলেন গ্যালিলিও ?
(A) দুই (B) চার
(C) ছয় (D) আট

5. 'নীলধ্বজের প্রতি জনা' কাব্যাংশে ব্যবহৃত 'মহেষ্বাস' শব্দটির অর্থ কী ?
(A) মহাবীর (B) দক্ষ অসিচালক
(C) দক্ষ গদাধারী (D) মহাধনুর্ধর

6. নিম্নলিখিত কোনটি জয় গোস্বামীর লেখা কাব্যগ্রন্থ নয় ?
(A) সেই সব শেয়ালেরা
(B) প্রত্নজীব
(C) উন্মাদের পাঠক্রম
(D) সূর্য পোড়া ছাই

7. গাবরিয়েল গার্সিয়া মার্কেজ কত সালে নোবেল পুরস্কার পান ?

(A) ১৯৬২ (B) ১৯৭২

(C) ১৯৮২ (D) ১৯৯২

8. 'ძ/'– এই চিহ্নটি প্রুফরিডিং–এর সময় নিম্নলিখিত বিষয়টি বোঝায় –

(A) ফাঁক দেওয়া

(B) বাদ দেওয়া

(C) ফাঁক কমানোর জন্য

(D) বাঁকা অক্ষরের জন্য

9. 'গুরু' নাটকে ব্যবহৃত ৭টি গানের মধ্যে যে–গানটি 'অচলায়তন' নাটকে ছিল না, সেটি হল ঃ

(A) 'ভেঙেছে দুয়ার, এসেছ জ্যোতির্ময়'

(B) 'সব কাজে হাত লাগাই মোরা, সব কাজেই'

(C) 'ওরে ওরে ওরে আমার মন মেতেছে'

(D) 'তুমি ডাক দিয়েছ কোন সকালে'

10. নিচের কোন জোড়াটি সঠিক নয় ?

(A) শ্যামাকান্ত নন্দী – কুস্তি

(B) সারদারঞ্জন চৌধুরী – ক্রিকেট

(C) প্রাণকৃষ্ণ কুণ্ডু – দাবা

(D) কুন্তলা ঘোষ দস্তিদার – সাঁতার

11. মহাশ্বেতা দেবীর প্রথম মুদ্রিত লেখা কোন পত্রিকায় প্রকাশিত হয় ?

(A) রামধনু (B) প্রবাসী

(C) কালিকলম (D) রংমশাল

12. কোন উপন্যাসের জন্য সৈয়দ মুস্তাফা সিরাজ 'সাহিত্য অকাদেমি' পুরস্কার লাভ করেন ?

(A) মায়ামৃদঙ্গ (B) অলীক মানুষ

(C) নীল ঘরের নটী (D) ভারতবর্ষ

13. "মন্দিরের চাতালে তাস পেটে তিনটি ছেলে", 'ভাত' গল্পে উল্লিখিত মন্দিরটি কোন দেবতার ?

(A) কালী (B) শিব

(C) শনি (D) শীতলা

14. "শনিতে বাদলা লাগলে ________ থাকবে", 'ভারতবর্ষ' গল্প অবলম্বনে শূন্যস্থানে কোন শব্দটি বসবে ?

(A) তিনদিন (B) পাঁচদিন

(C) সাতদিন (D) ন'দিন

15. 'গোল' – এই আত্মজীবনীমূলক গ্রন্থটির রচয়িতা

(A) নগেন্দ্রপ্রসাদ সর্বাধিকারী

(B) গোষ্ঠ পাল

(C) ধ্যানচাঁদ

(D) লেসলি ক্লডিয়াস

16. সিলেট অঞ্চলে ধাঁধাকে বলা হয় –

(A) পই (B) হেঁয়ালি

(C) ঠল্লুক (D) শিলোক

17. 'বিভাব' নাটকের সূচনা অংশে 'রুশ দেশীয় এক বিখ্যাত চিত্র পরিচালক' – এর নাম উল্লিখিত আছে। তিনি হলেন,

(A) পুদোভকিন (B) তারাকভ্স্কি

(C) সুকোরোভ (D) আইজেনস্টাইন

18. "আমি তো চললাম – আবার দেখা হয় কিনা কে জানে", কোন্ নাটকের এই সংলাপ উচ্চারিত হয় 'বিভাব' নাটকে শম্ভু মিত্র-র কণ্ঠে ?

(A) তুলসী লাহিড়ির 'পথিক'

(B) তুলসী লাহিড়ির 'ছেঁড়া তার'

(C) বিজন ভট্টাচার্যের 'নবান্ন'

(D) বিজন ভট্টাচার্যের 'গোত্রান্তর'

19. সুভাষ মুখোপাধ্যায়ের লেখা প্রথম উপন্যাস কোনটি ?

(A) কমরেড

(B) হাংরাস

(C) ডাকবাংলার ডায়েরি

(D) আমার বাংলা

20. "তাঁর সাঙ্গোপাঙ্গোরা বিলি করে লাল মলাটের চটি বই",

সুভাষ মুখোপাধ্যায়ের 'কলের কলকাতা' শীর্ষক রচনায় কোন বইয়ের কথা বলা হয়েছে ?

(A) শলোমনের গীত

(B) মথিলিখিত সুসমাচার

(C) মথিলিখিত মঙ্গল সমাচার

(D) যোহন লিখিত আদিপুস্তক

21. হরপ্রসাদ শাস্ত্রী আবিষ্কৃত চর্যা-পুথিতে ভুসুকুপাদের মোট ক'টি গান আছে ?

(A) বারোটি

(B) আটটি

(C) চারটি

(D) তিনটি

22. সিদ্ধমাতৃকা থেকে বাংলা লিপির উদ্ভব – এই মতটির প্রবক্তা

(A) সুকুমার সেন

(B) হরপ্রসাদ শাস্ত্রী

(C) অমূল্যচরণ বিদ্যাভূষণ

(D) সুনীতিকুমার চট্টোপাধ্যায়

23. শুদ্ধ বানানটি চিহ্নিত করো।

(A) অন্তর্দন্দ্ব (B) অন্তর্দ্বন্দ

(C) অন্তর্দ্বন্দ্ব (D) অন্তর্দন্দ

24. কোন পৌরাণিক গ্রন্থ অবলম্বনে 'শ্রীকৃষ্ণবিজয়' কাব্যটি রচিত হয় ?

(A) শ্রীমদ্ ভাগবত পুরাণ (B) ব্রহ্মবৈবর্তপুরাণ

(C) বিষ্ণু পুরাণ (D) পদ্মপুরাণ

25. প্রথম কার সম্পাদনায় 'ইয়ং বেঙ্গল' — এর মুখপত্র 'জ্ঞানান্বেষণ' প্রকাশিত হয় ?

(A) রামচন্দ্র মিত্র (B) কৃষ্ণমোহন বন্দ্যোপাধ্যায়

(C) দক্ষিণারঞ্জন মুখোপাধ্যায় (D) রামতনু লাহিড়ী

26. 'স্বপ্নলব্ধ ভারতবর্ষের ইতিহাস' বইটি কার লেখা ?

(A) ভবানীচরণ বন্দ্যোপাধ্যায়

(B) প্যারীচাঁদ মিত্র

(C) রাজনারায়ণ বসু

(D) ভূদেব মুখোপাধ্যায়

27. রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়ের লেখা 'ভেক ও মুষিকের যুদ্ধ' কোন বিদেশী কবির কাব্য অনুসরণে লেখা ?

(A) হোমার (B) মিলটন

(C) জন ড্রাইডেন (D) জিওফ্রে চসার

28. 'কল্পনা', 'শিশু', 'চিত্রা', 'শিশু ভোলানাথ'

উপরে উল্লিখিত রবীন্দ্রনাথের কাব্যগ্রন্থগুলিকে প্রকাশের কালানুক্রমে সাজালে যা-হয়, তা হল :

(A) শিশু, কল্পনা, শিশু ভোলানাথ, চিত্রা

(B) চিত্রা, কল্পনা, শিশু, শিশু ভোলানাথ

(C) শিশু ভোলানাথ, কল্পনা, শিশু, চিত্রা

(D) কল্পনা, চিত্রা, শিশু, শিশু ভোলানাথ

29. নীচে উল্লিখিত কাব্যগ্রন্থগুলির মধ্যে যেটি বুদ্ধদেব বসুর লেখা নয় সেটি হল :

(A) কঙ্কাবতী

(B) যে আঁধার আলোর অধিক

(C) যৌবন বাউল

(D) মরচে-পড়া পেরেকের গান

30. 'ঘুমপাড়ানি মাসিপিসি' কে নিম্নলিখিত যে গল্পে পাওয়া যায়, সেটি হল

(A) ভাত

(B) তেলেনাপোতা আবিষ্কার

(C) স্বাধীনতা

(D) কর্তার ভূত

31. 'এসপেরান্তো' নামের 'বিশ্বভাষা'টির স্রষ্টা কে ?

(A) জন উইলকিন্স

(B) এল.এল. জামেনহফ

(C) যোহান মার্টিন শ্লেইয়ার

(D) ফারদিনান্দ দ্য সস্যুর

32. ১৩ খণ্ডের 'মুন্ডারি এনসাইক্লোপিডিয়া' কে সম্পাদনা করেছেন ?

(A) ফাদার হফম্যান

(B) উইলিয়াম রাদিচে

(C) মরিস ভিন্টারনিট্জ

(D) পি.ভি. কানে

33. বাংলা সংগীতের ধারায় 'বিষ্ণুপুর ঘরানা'-র প্রবর্তন কে করেন ?

(A) বিষ্ণুচন্দ্র চক্রবর্তী

(B) রঘুনাথ রায়

(C) রামশঙ্কর ভট্টাচার্য

(D) কালিদাস চট্টোপাধ্যায়

34. রবীন্দ্রনাথের বিখ্যাত গান 'পুরানো সেই দিনের কথা' কোন পাশ্চাত্য গানের সুর অনুসরণে নির্মিত ?

(A) Drink to me only

(B) Auld Lang Syne

(C) Ye banks and braes

(D) Go where glory waits

35. 'উন্ডস' (wounds) সিরিজের ছবিগুলি কার আঁকা ?

(A) জয়নুল আবেদিন (B) দেবীপ্রসাদ রায়চৌধুরী

(C) সোমনাথ হোর (D) চিত্ত প্রসাদ

36. কার উদ্যোগে 'তাজমহল ফিল্ম কোম্পানি' – র প্রতিষ্ঠা হয় ?

(A) ধীরেন গঙ্গোপাধ্যায়

(B) হীরালাল সেন

(C) শিশিরকুমার ভাদুড়ি

(D) প্রমথেশ বড়ুয়া

37. কোন বাংলা চলচ্চিত্রে প্রথম 'প্লে–ব্যাক' প্রথার প্রচলন শুরু হয় ?

(A) মুক্তি (B) জামাইষষ্ঠী

(C) চণ্ডীদাস (D) ভাগ্যচক্র

38. মাতাদিন পেশকারের বাড়ি থেকে সৌখীর মা যে জিনিসটি চুরি করেছিল, সেটি হল

(A) টাকা (B) খড়ম

(C) ঘটি (D) গয়না

39. নিম্নলিখিত কোন ছবিটি তপন সিংহ পরিচালিত নয় ?

(A) ক্ষুধিত পাষাণ (B) আকাশ কুসুম

(C) জতুগৃহ (D) সাগিনা মাহাতো

40. 'অগ্নীশ্বর' উপন্যাসে বনফুল তাঁর এক প্রিয় শিক্ষকের স্মৃতিকে চিরন্তন করে তুলেছেন। সেই শিক্ষকের নাম কী ?

(A) সুরেশপ্রসাদ সর্বাধিকারী

(B) নীলরতন সরকার

(C) মহেন্দ্রলাল সরকার

(D) বনবিহারী মুখোপাধ্যায়

41. মনোবিশ্লেষণের উপর বাংলা ভাষায় লেখা প্রথম বই 'স্বপ্ন' – এর লেখক কে ?

(A) মহেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়

(B) বিধানচন্দ্র রায়

(C) গিরীন্দ্রশেখর বসু

(D) উপেন্দ্রনাথ ব্রহ্মচারী

42. নিচের কোন জোড়টি সঠিক নয় ?

(A) কতকাল পরে বল ভারত রে – গোবিন্দচন্দ্র রায়

(B) মিলে সবে ভারত সন্তান – জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর

(C) বান এসেছে মরা গাঙে – মুকুন্দদাস

(D) একবার গালভরা মা ডাকে – দ্বিজেন্দ্রলাল রায়

43. কলকাতা বিশ্ববিদ্যালয়ের পদার্থবিদ্যা বিভাগে প্রথম 'খয়রা অধ্যাপক' হিসেবে কে নিযুক্ত হন ?

(A) মেঘনাদ সাহা (B) সত্যেন্দ্রনাথ বসু

(C) দেবেন্দ্রমোহন বসু (D) প্রফুল্লচন্দ্র রায়

44. কার প্রচেষ্টায় 'ন্যাশানাল সার্কাস' গড়ে ওঠে ?

(A) প্রিয়নাথ বসু (B) নবগোপাল মিত্র

(C) রাজনারায়ণ বসু (D) মনোমোহন বসু

45. নীচের কোন জোড়াটি সঠিক নয় ?

(A) টুয়েলভ ইংক স্কেচেস – নন্দলাল বসু

(B) বাউল – সুনয়নী দেবী

(C) ট্রায়াম্ফ অফ লেবার – দেবীপ্রসাদ রায়চৌধুরী

(D) মধ্যযুগের সন্তগণ – বিনোদবিহারী মুখোপাধ্যায়

46. নিম্নলিখিত কোন ধ্বনিটি অল্পপ্রাণ এবং ঘোষধ্বনি ?

(A) ট

(B) ব

(C) ছ

(D) ঘ

47. নিচের কোন বিবৃতিটি সঠিক নয় ?

(A) 'সঙ্গীতমাধব' গোবিন্দদাস কবিরাজ রচিত একটি কাব্য।

(B) 'ভক্তিরত্নাকর' অনুসারে বলরামদাসের উপাধি 'কবিপতি'।

(C) অষ্টাদশ শতকে রচিত 'সারদামঙ্গল' চণ্ডীমঙ্গল কাব্যধারার অন্তর্গত।

(D) কবিকর্ণপুর রচিত 'চৈতন্যচন্দ্রোদয়' নাটকটির অঙ্কসংখ্যা দশ।

48. 'বিদেশ' শব্দটিতে নিম্নলিখিত কোন প্রকারের রূপমূল ব্যবহৃত হয়েছে ?

(A) স্বাধীন রূপমূল + স্বাধীন রূপমূল

(B) স্বাধীন রূপমূল + পরাধীন রূপমূল

(C) পরাধীন রূপমূল + পরাধীন রূপমূল

(D) পরাধীন রূপমূল + স্বাধীন রূপমূল

49. 'সকাল-সকাল' – এটি নিম্নলিখিত কোন শব্দগঠন প্রক্রিয়ার অংশ ?

(A) জোড়কলম

(B) অনুকার পদগঠন

(C) পদদ্বৈত

(D) মুন্ডমাল শব্দ

50. 'দারুণ' শব্দের আগের অর্থ ছিল 'দারু বা কাঠ দ্বারা নির্মিত বস্তু'। বর্তমানে এর অর্থ 'অত্যন্ত'। একে শব্দার্থ পরিবর্তনের কোন ধারার অন্তর্গত বলে বিবেচনা করা হয় ?

(A) শব্দার্থের প্রসার

(B) শব্দার্থের সংকোচ

(C) শব্দার্থের রূপান্তর

(D) শব্দার্থের উৎকর্ষ

## SPACE FOR ROUGH WORK / রাফ কাজের জন্য জায়গা